

📃 আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮: ৯১

আরবি মূল আয়াত:

كَذٰلِكَ ؟ وَ قَد اَحَطنَا بِمَا لَدَيهِ خُبرًا ﴿٩١﴾

প্রকৃত ঘটনা এটাই। আর তার নিকট যা ছিল, আমি সে সম্পর্কে সম্পূর্ণ অবহিত। — আল-বায়ান এই হল তাদের অবস্থা। তার সামনে যা ছিল আমি সে সম্পর্কে ছিলাম সম্পূর্ণ অবহিত। — তাইসিরুল প্রকৃত ঘটনা এটাই যে, তার বৃত্তান্ত আমি সম্যুক অবগত আছি। — মুজিবুর রহমান

Thus. And We had encompassed [all] that he had in knowledge. — Sahih International

৯১. প্রকৃত ঘটনা এটাই, আর তার কাছে যে বৃত্তান্ত ছিল তা আমরা সম্যক অবহিত আছি।

তাফসীরে জাকারিয়া

- (৯১) প্রকৃত ঘটনা এটাই, তার (আসল) বৃত্তান্ত আমি সম্যক অবগত আছি। [1]
 - [1] অর্থাৎ যুলকারনাইন সম্পর্কে যা কিছু বর্ণনা করলাম তা এই যে, সে প্রথমে পশ্চিমে শেষ প্রান্তে ও পরে পূর্বের শেষ প্রান্তে পৌঁছে। আমি তার যোগ্যতা, সামর্থ্য, উপকরণ ও মাধ্যম বা অন্য সকল কথা সম্পর্কে সম্যুক অবহিত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2231

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন